# BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৯০০/কমপ্লায়েন্স/বেতন-ভাতাদি পরিশোধ/২০২৪
২৭ মে ২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহার পূর্বে শ্রমিকদের বেতন- বোনাস প্রদানের বিষয়ে নির্দেশনা অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আপনি নিশ্চয়ই অবগত আছেন, সাম্প্রতিক সময়ে চলমান বৈশ্বিক মন্দা, তীব্র ডলার ও জ্বালানী সংকটের ফলে নীট পোশাক তৈরির প্রধানতম কাঁচামাল যেমন- সুতা, কাপড়, ডাইস ক্যামিকেলসহ অন্যান্য কাঁচামালগুলোর দাম বিপুলভাবে বেড়ে যাওয়ায় উদ্যোক্তাদের শিল্প পরিচালন ব্যয় মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে। তবে এমন পরিস্থিতিতেও বিকেএমইএ'র পরিচালনা পর্ষদ আপনাকে সর্বাত্মক সহযোগিতা করার জন্য কাজ করে যাচ্ছে। সামনে রয়েছে পবিত্র ঈদ-উল আযহা। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, প্রতিবছরই ঈদ এর প্রাক্কালে যাতে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটে, সেজন্য বিকেএমইএ নিরলসভাবে কাজ করছে। আমরা আশা করি প্রত্যেকবারের মত এবারও কারখানা পর্যায়ে ঈদের প্রাক্কালে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটবে না। তবে এক্ষেত্রে বিকেএমইএ'র নিম্নলিখিত সুপারিশসমূহ অনুসরণ করার জন্য সকল সদস্য প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ জানাচ্ছি:

১) *চলতি মে'২৪ মাসের বেতন শ্রম আইন অনুযায়ী যথাসময়ে পরিশোধ করুন। কোনোভাবেই বেতন বকেয়া রাখা যাবে না।*

২) *যেহেতু জুন'২৪ মাসের ১৬ বা ১৭ তারিখে পবিত্র ঈদ-উল আযহা উদ্‌যাপিত হওয়ার সম্ভাবনা রয়েছে, সেহেতু ঈদের বোনাস কীভাবে প্রদান করবেন, সেটি অবশ্যই আপনার কারখানার শ্রমিকদের সাথে আগেই আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করুন। কোনো অবস্থাতেই বেতন-বোনাস সংক্রান্ত কারণে যাতে আপনার কারখানায় কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে, তা নিশ্চিত করার জন্য অনুরোধ করছি। কারণ আপনার প্রতিষ্ঠানে শৃঙ্খলা বজায় রাখার দায়িত্বও আপনার। এ বিষয়ে বিকেএমইএ'র কোনো সহযোগিতার প্রয়োজন হলে বিকেএমইএ তা অবশ্যই করবে। তবে আপনার সিদ্ধান্তের কারণে যদি কারখানায় কোনো ধরনের শ্রম/শ্রমিক বিশৃঙ্খলা তৈরি হয়, তবে সেখানে বিকেএমইএ'র পক্ষে সহযোগিতা করা কোনোভাবেই সম্ভবপর হবে না। তখন প্রক্রিয়াগতভাবেই শ্রম আইন অনুযায়ী শিল্প পুলিশ ও কলকারখানা প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর -এর সহযোগিতায় আইনগতভাবেই আপনার প্রতিষ্ঠানের পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হবে। তাই আপনার কারখানায় কোনোধরনের অরাজকর পরিস্থিতি এঁড়াতে সতর্ক থাকুন।*

৩) *আপনার কারখানায় কখন মে'২৪ মাসের বেতন/ভাতা ও বোনাস প্রদান করবেন তা আবশ্যিকভাবে লিখিত আকারে ০৬ই জুন তারিখের মধ্যে পাশে বর্ণিত মেইলে প্রেরণের জন্য অনুরোধ জানাচ্ছি।* ***(labourcell@bkmea.com)***

৪) *শ্রম আইন মেনে কারখানা পরিচালনা করুন। কারখানা পরিচালনার সম্পূর্ণ দায়ভার আপনার নিজস্ব। কোনো অবস্থাতেই কারখানায় শ্রম অসন্তোষের পাশাপাশি অরাজক পরিস্থিতির সৃষ্টি না হয়, তা নিশ্চিত করতে হবে। যদি উল্লিখিত ধরনের সমস্যার সৃষ্টির সম্ভাবনা থাকে, তবে পূর্বেই শিল্প পুলিশ, কল-কারখানা প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, জেলা পুলিশ, থানা পুলিশ ও বিকেএমইএ-কে অবহিত করুন।*

**Head Office :** BKMEA Bhaban, 53, 54 Nawab Salimullah Road, Chashara, Narayanganj-1400, Bangladesh.
Phone : +880 2 224431857, 224435535, 7641295, Fax : +880 2 7630609
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Bangla Motor, Dhaka-1000, Bangladesh.
Phone : +880 2 223362257, 58615910, 58615964, 223360498, Fax : +880 2 9677337
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.
Phone : +88 02 333324342, +88 02 333324345, +88 031724726, Fax : +88 02 333324345
E-mail : info@bkmea.com, bkmea@bangla.net, bkmeactg@bbts.net Log on : www.bkmea.com

৫) আপনার কারখানায় কাজের চাপের উপর ভিত্তি করে আগে-পরে ছুটি প্রদানের ব্যবস্থা করুন; যাতে ঈদ-উল আযহা উপলক্ষ্যে রাস্তায় যানজট বা জনবিশৃঙ্খলার সৃষ্টি না হয়।

এছাড়াও ঈদের প্রাক্কালে নীট শিল্প কারখানায় অনাকাঙ্খিত ঘটনা এড়াতে বিকেএমইএ'র তিনটি কার্যালয়েই (নারায়ণগঞ্জ, ঢাকা ও চট্টগ্রাম) মনিটরিং সেল (কন্ট্রোল রুম) খোলা থাকবে। তাই, আপনার কারখানায় যে কোন ধরনের অসন্তোষ বা অনভিপ্রেত পরিস্থিতির সৃষ্টি হলে বা সৃষ্টি হওয়ার ইঙ্গিত পেলে তাৎক্ষণিক বিকেএমইএ কন্ট্রোল রুমের দায়িত্ব প্রাপ্ত নিম্নলিখিত ব্যক্তিদের নম্বরসমূহে যোগাযোগ করতে অনুরোধ জানাচ্ছি।

সার্বিক তত্ত্বাবধানে ঃ

- প্রধান কার্যালয় (নারায়ণগঞ্জ) : মোহাম্মদ গিয়াস উদ্দিন----- ০১৭১৬২৬০০৮০
- ঢাকা কার্যালয় : মার-আ-নূল ইসলাম সভিন-- ০১৭১২১৪৭৯৭৩;
  মিঠু বসাক---------------- ০১৬৭৬৩৪৭৩৯০
- চট্টগ্রাম কার্যালয় : মোঃ আলতাফ উদ্দিন ------ ০১৫৫৪৩৪৫০১১

আপনাকে অগ্রিম ঈদ-উল আযহার শুভেচ্ছা। সুস্থ থাকুন, ভাল থাকুন।

ধন্যবাদান্তে

এ. কে. এম সেলিম ওসমান, এম পি
সভাপতি, বিকেএমইএ

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মাননীয় প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) মাননীয় মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬) মাননীয় সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) মাননীয় সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) মাননীয় সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
১০) অতিরিক্ত মহাপরিদর্শক, শিল্প পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেড কোয়ার্টারস্, উত্তরা, ঢাকা।
১১) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
১২) সভাপতি বিজিএমইএ, উত্তরা, ঢাকা।
১৩) সভাপতি, বিটিএমএ, পান্থপথ, ঢাকা।